



থেরাপিউটিক মিল্ক (F-75 এবং F-100) প্রস্তুত প্রণালীর গাইডলাইন


প্রণয়নেঃ

জাতীয় পুষ্টিসেবা (এনএনএস),
জনস্বাস্থ্য পুষ্টি প্রতিষ্ঠান (আইপিএইচএন),
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়



F-75 এবং F-100 প্রস্তুত প্রণালীঃ

১।



প্রথমে F-75/100 প্রস্তুতের স্থান বা টেবিল ভালোভাবে পরিষ্কার করে নিতে হবে ও সাবান দিয়ে হাত ধুয়ে নিতে হবে এবং ব্যবহৃত মেজারিং কাপ/ জগ /পাত্র / নাড়ানি সাবান ও গরম পানি দিয়ে ভালোভাবে জীবাণু মুক্ত করে নিতে হবে।

২।




একটি পরিষ্কার পাত্রে নিরাপদ পানি ফুটাতে হবে।

৩।



ফুটানো পানি ৭০ ডিগ্রি সেন্টিগ্রেট তাপমাত্রায় আনতে হবে। এক্ষেত্রে একটি জীবাণুমুক্ত ডিজিটাল থার্মোমিটার ব্যবহার করে মাপতে হবে। ডিজিটাল থার্মোমিটার না থাকলে ৩-৫ মিনিট অপেক্ষা করে উক্ত তাপমাত্রার পানি থেকে ফিডিং (Feeding) চার্ট অনুযায়ী প্রয়োজনমতো পানি মেজারিং কাপে ঢেলে নিতে হবে।

৪।



এবার কাপের মধ্যে টিনের মধ্যে রক্ষিত স্কুপ দিয়ে প্রয়োজনীয় পরিমাণ পাউডার মিশাতে হবে এবং স্কুপটি ওয়াশ বা না মুছে সরাসরি টিনের মধ্যে রেখে দিতে হবে।



৫।



এবার পরিষ্কার নাড়ানি দিয়ে নেড়ে ভালভাবে পাউডার মিশাতে হবে।

৬।



প্রস্তুতকৃত মিশ্রণের তাপমাত্রা শিশুর জন্য খাওয়ার উপযুক্ত তাপমাত্রা (৩৭ ডিগ্রি ডিগ্রি সেন্টিগ্রেট তাপমাত্রা এর সমান বা এর কম) আসার পরে শিশুকে ফিডিং শিডিউল অনুসারে খাওয়াতে হবে। এক্ষেত্রে হাতের কজির ভিতরের দিকে সামান্য একটু ডেলে চেক করে নিতে হবে।

৭।



কাপের গায়ে রোগীর নাম, F-75/100 প্রস্তুতির তারিখ ও সময়, প্রতি ফিড এর পরিমাণ এবং প্রস্তুতকারীর স্বাক্ষর দিতে হবে।

৮।



প্রস্তুতকৃত মিশ্রণ স্বাভাবিক তাপমাত্রায় ২ ঘণ্টা পরে শিশুকে খাওয়ানো যাবে না। দুই (২) ঘণ্টা পরে অবশিষ্ট মিশ্রণ ডেলে ফেলে দিতে হবে।

৯।



মিশ্রণ রেফ্রিজারেটরে (৫ ডিগ্রি সেন্টিগ্রেট তাপমাত্রা এর সমান বা কম তাপমাত্রায়) সর্বোচ্চ ২৪ ঘণ্টা সংরক্ষণ করা যাবে। ২৪ ঘণ্টা পরে শিশুকে খাওয়ানো যাবে না; মিশ্রণ ফেলে দিতে হবে। রেফ্রিজারেটর থেকে বের করে খাওয়ানোর পূর্বে ফিডিং কাপে মিশ্রণ নিয়ে কাপটি গরম পানির বোলের মধ্যে কিছুক্ষন বসিয়ে শিশুর জন্য খাওয়ার উপযুক্ত তাপমাত্রায় (৩৭ ডিগ্রি ডিগ্রি সেন্টিগ্রেট তাপমাত্রা এর সমান বা এর কম) আসার পরে শিশুকে ফিডিং শিডিউল অনুসারে খাওয়াতে হবে। খাওয়ানোর পূর্বে মিশ্রণটি ভালভাবে নাড়তে হবে।